গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
পাইকগাছা, খুলনা

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

স্মারক নং-৫২.০১.০৯২৫.০০০.১৪.০০১.১৯-১০৫

তারিখ: ২৩/০৮/২০২১খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' মূল শুমারির গণনা কার্যক্রমে 'গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পাইকগাছা উপজেলার চাদখালি ও দেলুটি ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুবা মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি(টাকা) | ইউনিয়নের নাম | পদ সংখ্যা | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন। | চাঁদখালি | ০৬ | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। |
| | | | দেলুটি | ০৫ | ৫) ২৫/০৮/২০২১ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।) | চাঁদখালি | ১১ | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। |
| | | | দেলুটি | ০৫ | ৫) ২৫/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী |

**বি:দ্র:** উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.paikgasa.khulna.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পুরন করে আবেদন করতে হবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট (www.paikgasa.khulna.gov.bd) থোকেও সংগ্রহ করা যাবে।

২) মূল শুমারিতে ২৫-৩১শে অক্টোবর/২০২১ প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) মুল শুমারিতে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে (৫০%) অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না বা অন্য কোন কর্মে নিযুক্ত থাকলে আবেদন করতে পারবেন না।

৬ ) ভূল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৭) সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ২৫/০৮/২০২১ খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৮) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৯) চুড়ান্তভাবে উত্তীন প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।

১০) **নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

২৩/০৮/২১

(এ. বি. এম খালিদ হোসেন সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
পাইকগাছা, খুলনা।
www.bbs.gov.bd

# আবেদন ফরম

ফরম নং-------------
(অফিস কর্তৃক পূরণীয়)

**পদের নাম : তালিকাকারী/ সুপারভাইজার।**

**(শুধু মাত্র A4 সাইজে প্রিন্ট করে প্রার্থী স্ব হস্তে পূরণ করুন)**

১। প্রার্থীর নাম : ইংরেজী বড় অক্ষরে : ------------------------------------------

২। পিতার নাম : ইংরেজী বড় অক্ষরে :- ------------------------------------------

৩। মাতার নাম : ইংরেজী বড় অক্ষরে : ------------------------------------------

৪। বর্তমান ঠিকানা ( ইংরেজী বড় অক্ষরে )
C/O : :------------------------------------------
HOLDING NO :------------------------------------------
VILLAGE :------------------------------------------
PO :------------------------------------------
UPAZILA :------------------------------------------

৫। জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজীতে) :------------------------------------------

৬। জন্ম তারিখ (ইংরেজীতে) :------------------------------------------

৭। যে মৌজায় কাজ করতে আগ্রহী
(সর্বোচ্চ ০২ টি মৌজার নাম লিখুন :------------------------------------------

৮। শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ
(যদি থাকে) :------------------------------------------

৯। মোবাইর নম্বর (ইংরেজীতে) :------------------------------------------

১০। নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শে টিক টিহ্ন দিন) হ্যাঁ না
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson................
আপনার ফোনের স্কীন সাইজ........................ইঞ্চি

১১। শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | | | | | | |

____________________
প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
ঙ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।